গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
(রাজস্ব শাখা)
www.feni.gov.bd

স্মারক নং-০৫.২০.৩০০০.০২১.১৯.০১১.২৬- ১৩৭ | তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ / ১০ মার্চ ২০২৬

**"আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি"**

আউটসোসিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫, ভূমি সংস্কার বোর্ড ২০ নভেম্বর ২০২৫ তারিখের ৮৫৬ নং স্মারক পত্রের নির্দেশনা এবং ভূমি সংস্কার বোর্ডের ২৫ জানুয়ারি ২০২৬ তারিখের ৩১.০২.০০০০.০০০.০১৪.২০.০০৭৬.২১ - ৩৭ নং স্মারকের পরিপ্রেক্ষিতে ফেনী জেলাধীন ফেনী সদর, সোনাগাজী, দাগনভূঞা, ছাগলনাইয়া, ফুলগাজী ও পরশুরাম উপজেলা ভূমি অফিসসমূহে নিম্নলিখিত পদে আউটসোর্সিং পদ্ধতিতে সেবা গ্রহণের উদ্দেশ্যে স্বীকৃত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে পিপিএ-২০০৬ ও পিপিআর ২০০৮ এর আলোকে দরপত্র আহবান করা যাচ্ছে :

| ক্র. নং | সেবার নাম | সেবাকর্মীর সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা | সেবামূল্য | অন্যান্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | সিকিউরিটি গার্ড (নিরাপত্তা প্রহরী) | ০৬ | ১৮-৬০ বছর | ৮ম শ্রেণী পাশ | ১৬,৬৭৩.০০ | -- |

**শর্তাবলি:**

আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ছক অনুযায়ী প্রস্তাব দাখিল করতে হবে:

| পদের নাম | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | মাসিক সাকুল্য বেতন | সার্ভিস চার্জ | ভ্যাট (৫+৬ এর) | জনপ্রতি মাসিক মোট দর (৫+৬+৭) | মাসিক সর্বমোট দর (৮×২) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| সিকিউরিটি গার্ড (নিরাপত্তা প্রহরী) | | | | | | | | |

০১. আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫-এর তফশিল-খ অনুযায়ী জনপ্রতি সেবার মূল্য নির্ধারণ করতে হবে;
০২. সেবাকর্মীকে জাতীয় পেনশন কর্তৃপক্ষের অধীনে পরিচালিত সর্বজনীন পেনশন স্কিমের অন্তর্ভুক্ত হতে হবে;
০৩. সেবাকর্মীর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস কমিশনের হার নূন্যতম ৫% হবে;
০৪. আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য তার নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
০৫. সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে;
০৬. আউটসোর্সিং প্রক্রিয়ায় পরিচ্ছন্নতাকর্মীর সেবা ক্রয়ের ক্ষেত্রে হরিজন সম্প্রদায় এবং নিরাপত্তা প্রহরীর সেবা ক্রয়ের ক্ষেত্রে আনসার সদস্যদের অগ্রাধিকার দিতে হবে;
০৭. বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর অনুচ্ছেদ-৭ অনুযায়ী সেবাকর্মী সরবরাহকরী ঠিকাদার সংস্থার রেজিস্ট্রেশন ও নবায়নকৃত লাইসেন্স থাকতে হবে;
০৮. অর্থ বিভাগের পূর্বানুমতি ব্যতীত সেবা ক্রয়ের মেয়াদ বৃদ্ধি করা যাবে না;
০৯. এ সেবা ক্রয়ের মেয়াদ ৩০/০৬/২০২৭ খ্রি. তারিখ পর্যন্ত কার্যকর থাকবে;
১০. নিয়োজিত কর্মচারীগণকে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে;
১১. নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না
১২. আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে জারিকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।
১৩. অর্থ মন্ত্রণালয় এর অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত সর্বশেষ পরিপত্র অনুযায়ী সাকুল্য বেতন নির্ধারিত হবে;
১৪. অর্থ মন্ত্রণালয়ের ব্যয়ব্যস্থাপনা-৩ শাখা ২০ নভেম্বর ২০২৫ তারিখের ৮৫৬ নং স্মারক পত্রের খ (ii) বর্ণিত কোন প্রতিষ্ঠান কর্তৃক আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয়ের ক্ষেত্রে সেবাকর্মী সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে নতুন চুক্তি/চুক্তি নবায়নের সময় কর্মরত সেবা কর্মীদের যৌক্তিক কারণ ব্যতীত বাদ দেয়া যাবে না। তবে যৌক্তিক কারণে বাদ দেয়ার প্রয়োজন হলে আউটসোর্সিং সেবা পরিবীক্ষণ কমিটির (তপসিল-'ক' অনুযায়ী) মতামত গ্রহণ করতে হবে;

